

PRINT

সমকাল

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্যদের সঙ্গে ইউজিসির সভা

১১ ঘণ্টা আগে



বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর ইউজিসি মনোনীত সিন্ডিকেট সদস্যদের সঙ্গে মতবিনিময় সভা করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। ইউজিসি সদস্য অধ্যাপক মো. আখতার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন কমিশনের সদস্য অধ্যাপক মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা ও অধ্যাপক দিল আফরোজা বেগম।

সভায় ইউজিসি চেয়ারম্যান বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বছরে একটিও সিন্ডিকেট, অর্থ কমিটি এবং বোর্ড অব

ট্রাস্টিজের সভা হয় না। এটি আইন লঙ্ঘন। আইনে প্রতি দু'মাসে একটি করে সিভিকিট সভা হওয়ার কথা। তিনি বলেন, শিক্ষায় বিনিয়োগ মুনাফার জন্য নয়। এ ছাড়া বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মানসম্পন্ন শিক্ষা ও গবেষণা বাড়ানোর লক্ষ্যে নানা কর্মসূচি গ্রহণের পক্ষে মত দেন তিনি।

সিভিকিট সদস্যরা ইউজিসিকে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে র্যাংকিং সিস্টেম চালু, তদারকি বাড়ানো, বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সুসম্পর্ক গড়ে তোলা, ইউজিসি মনোনীত সিভিকিট সদস্যের সংখ্যা বাড়ানো, চাকরিবিধি প্রণয়ন, শিক্ষার্থী ভর্তিতে মানদণ্ড নির্ধারণ, ইউজিসির অধীনে শিক্ষক নিয়োগ, ইচ্ছেমতো বিভাগ খোলা বন্ধ, স্নাতক পর্যায়ে পাবলিক বিশ্ববিদ্যালয়ের মেধা তালিকা থেকে ভর্তিসহ বিভিন্ন সুপারিশ করেন। এছাড়া, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মানসম্পন্ন শিক্ষা ও গবেষণা বৃদ্ধির লক্ষ্যে বিস্তারিত কর্মসূচি গ্রহণের পক্ষে মত দেন তারা। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com